গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.৯১০০.০৪২.১৪.০৬৩.১৮(অংশ-১)-**২৬৭০** তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২ / ০২ ডিসেম্বর ২০২৫

**বিষয় : ২০২৫-২৬ অর্থবছরে সিলেট জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫৭১.২৮ লক্ষ (পাঁচ কোটি একাত্তর লক্ষ আটাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৪০টি প্রকল্প অনুমোদন সংক্রান্ত।**

সূত্র : স্মারক নং-৪৬.৬০.৯১০০.০০১.১৪.০৮৮.২৫.৪০২, তারিখ: ২৭ অক্টোবর ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সিলেট জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫৭১.২৮ লক্ষ (পাঁচ কোটি একাত্তর লক্ষ আটাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৪০টি প্রকল্পের মধ্যে ২১১.১৪২৬৩ লক্ষ (দুই কোটি এগারো লক্ষ চৌদ্দ হাজার দুইশত তেষট্টি) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত ২০টি প্রকল্পের বিষয়ে ছকের কলাম-৪-এ উল্লিখিত তথ্য অনুযায়ী পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো:

| ক্রম | প্রকল্প তালিকার ক্রমিক | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | চাহিত তথ্য/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১. | ১৫, ১৬ ও ১৭ | ৫৩.১৪২৬৩ | বর্ণিত প্রকল্প তিনটি একই নামের প্রকল্প। কিন্তু খন্ড খন্ড আকারে প্রস্তাব করা হয়েছে। তাছাড়া প্রকল্প তিনটির প্রাক্কলন প্রস্তাবের সাথে দাখিল করা হয়নি। একই নামে তিনটি খন্ড খন্ড প্রকল্প গ্রহণের কারণ/যৌক্তিকতা ও প্রাক্কলনসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা প্রয়োজন। |
| ০২. | ৮৭, ৯৬ ও ৯৭ | ৬.০০ | বর্ণিত প্রকল্প প্রতিষ্ঠানসমূহে শিক্ষা মন্ত্রণালয়/ তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত অর্থে বাস্তবায়ন করা হয়। অন্য মন্ত্রণালয়ের এখতিয়ারাধীন বিষয় জেলা পরিষদ করে থাকলে দ্বৈততার সৃষ্টি হওয়ার সম্ভবনা থাকে। তাই বর্ণিত প্রকল্প পরিবর্তন করা প্রয়োজন। |
| ০৩. | ২৩ | ১৫.০০ | বর্ণিত প্রকল্প প্রতিষ্ঠানটি অন্য মন্ত্রণালয়/দপ্তর সংস্থার এখতিয়ারাধীন বিষয়। তাই বর্ণিত প্রকল্পটি পরিবর্তন করা প্রয়োজন। |
| | ৮৯, ৯১, ৯৮ ও ১২৬ | ৬.০০ | বর্ণিত প্রকল্প প্রতিষ্ঠানসমূহের রেজিস্ট্রেশন/ পাঠদানের অনুমতি রয়েছে কিনা সে বিষয়ে কোন দালিলিক তথ্য প্রমাণক প্রেরণ করা হয়নি। তাই রেজিস্ট্রেশন/পাঠদানের অনুমতির স্বপক্ষে তথ্য প্রমাণকসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা প্রয়োজন। এছাড়া, উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে প্রকল্প গ্রহণের আইনগত সুযোগ রয়েছে কিনা সে বিষয়ে বিধিবিধানের রেফারেন্সসহ তথ্য প্রদান। |
| ০৪. | ১০, ১৩, ১৪, ২৯, ৩০, ৩৭, ৩৮, ৫২ ও ৬১=০৯টি | ১৩১.০০ | এডিপি বরাদ্দ ব্যবহার পরিপত্র, ২০২২-এর ৪.৪নং নির্দেশনা অনুযায়ী ৫.০০ লক্ষ টাকা ও তদূর্ধ্ব প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রাক্কলন এ বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। কিন্তু প্রস্তাবের সাথে প্রাক্কলন সংযুক্ত নেই। তাই পরিপত্র অনুযায়ী প্রাক্কলনসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ। |
| মোট= | ২০টি | ২১১.১৪২৬৩ | |

০২। উক্ত ২০টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (১৪০-২০)= ১২০টি প্রকল্প (৫৭১.২৮ – ২১১.১৪২৬৩)= ৩৬০.১৩৭৩৭ লক্ষ (তিন কোটি ষাট লক্ষ তেরো হাজার সাতশত সাঁইত্রিশ) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;

০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;

০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;

০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং

০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইল: lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. প্রশাসক, জেলা পরিষদ, সিলেট;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।

নম্বর : ৪৬.০০.৯১০০.০৪২.১৪.০৬৩.১৮(অংশ-১)-**২৬৭০/১(৫)** তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২ / ০২ ডিসেম্বর ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব